

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্মারক নং চুয়া : পৌ : WC কমিটি-৩/২৫-২০১৮/২০২১/২৮২(১০)

তারিখ : ০১-০৩-২০২১ খ্রিঃ।

প্রজ্ঞাপন

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশোধনী আইন-২০১০ এর দ্বিতীয় ভাগের দ্বিতীয় অধ্যায়ের ১৪ নং অনুচ্ছেদের প্রত্যেকটি ওয়ার্ড পর্যায়ে উন্মুক্ত সভার মাধ্যমে পৌরসভার উন্নয়ন কার্যক্রম এবং প্রশাসন বিষয় সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ওয়ার্ডের নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করতে ১০ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি পুনঃগঠন করা হল। কমিটি নিম্নে-উল্লিখিত কার্যপরিধি অনুযায়ী দায়িত্ব পালন করবেন।

০১ নং ওয়ার্ড কমিটি (WC) নিম্নরূপ :

ক্রঃ নং	নাম/ঠিকানা	পরিচিতি	পদবী
০১	জনাব মোঃ মুনছুর আলী(মনো)	কাউন্সিলর, ০১ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।	সভাপতি
০২	জনাব মোছাঃ শাহিনা আক্তার	কাউন্সিলর, সংরক্ষিত(১,২,৩ নং ওয়ার্ড), চুয়াডাঙ্গা পৌরসভা।	সহঃ সভাপতি
০৩	জনাব মোঃ মাসুদ রানা	প্রতিনিধি (সমাজ সেবক), সিএন্ডবি পাড়া, চুয়াডাঙ্গা।	সদস্য
০৪	জনাব মোঃ আবুল হোসেন মল্লিক	প্রতিনিধি (সমাজ সেবক), হাটকালুগঞ্জ, চুয়াডাঙ্গা।	সদস্য
০৫	জনাব মোঃ আনোয়ার হোসেন	প্রতিনিধি (সমাজ সেবক), হাটকালুগঞ্জ, চুয়াডাঙ্গা।	সদস্য
০৬	জনাব মোঃ সাজেদুর রহমান	পেশাজীবী (এনজিও প্রতিনিধি) সিএন্ডবি পাড়া, চুয়াডাঙ্গা।	সদস্য
০৭	জনাব মোছাঃ ছাইরা খাতুন	প্রতিনিধি দরিদ্র শ্রেণী, সিএন্ডবি পাড়া, চুয়াডাঙ্গা।	সদস্য
০৮	জনাব মোঃ আবু সাইদ	পেশাজীবী, কেদারগঞ্জ সিএন্ডবি পাড়া, চুয়াডাঙ্গা।	সদস্য
০৯	জনাব মোছাঃ জুলি খাতুন	প্রতিনিধি দরিদ্র শ্রেণী, সিএন্ডবি পাড়া, চুয়াডাঙ্গা।	সদস্য
১০	জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার	সহকারী প্রকৌশলী (সিভিল), চুয়াডাঙ্গা পৌরসভা।	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি (TOR) :

ওয়ার্ড কমিটির কার্যপরিধি: আইনের বিধান সাপেক্ষে, ওয়ার্ড কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথঃ-

০১. ওয়ার্ডের চলমান, বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগতমান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকবৃন্দের সহিত আলোচনা করা;
০২. ধারা ১১৫ এর অধীনে গঠিত টিএলসিসি কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা;
০৩. জনগণকে কর, উপ-কর, ফিস, টোল ও রেইট ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা;
০৪. জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাবশ্যকীয় আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহ;
০৫. রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যানমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান;
০৬. পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপন বিষয়ে সচেতনতা সৃষ্টি করা;
০৭. ওয়ার্ডের বিভিন্ন শ্রেণী ও পেশার লোকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
০৮. সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীভুক্ত যেমন, জিডিপি, ভিজিএফ, বয়স্ক ভাতা, ভর্তুকী ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরী করে পৌরসভায় প্রেরণ করা;
০৯. জনস্বাস্থ্য বিষয় কার্যক্রম, বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সহায়তা করা;
১০. মহামারী ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা;
১১. পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে, প্রতি ৬ মাসে একবার ১৫০জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডের সার্বিক কর্মকান্ড সম্পর্কে উন্মুক্ত আলোচনা করে বাস্তবায়নের জন্য উহা পরিষদে প্রেরণ করা;
১২. সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।


(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে-

০৩. প্রকল্প পরিচালক, UGHP-III, এলজিইডি ভবন, লেভেল-১২, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।

০৪. জনাব..... সভাপতি/সদস্য/
সদস্য-সচিব, ০১ নং ওয়ার্ড(WC) কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।